

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বন্স্র ও পাট মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.motj.gov.bd

তারিখ: ১৬ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ  
৩১ আগস্ট ২০১৬ খ্রিষ্টাব্দ

নং-২৪.০৯.০০০০.২০৭.১৫.২৬৫ (১).১৩/ ৩৮৬

নিয়োগ বিজ্ঞপ্তি

বন্স্র ও পাট মন্ত্রণালয়াধীন জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার (জেডিপিসি) এ সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োক্ত পদসমূহ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম ও বেতন	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	নির্বাহী পরিচালক বেতনঃ সর্বসাকুল্যে ৭৫,০০০/- (পঁচাতার হাজার) টাকা	০১টি	১। দেশের অথবা বিদেশের স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রি, পিএইচ.ডি ধারী অগ্রাধিকার। সরকারী/আধাসরকারী/ প্রতিষ্ঠানে-এ সংশ্লিষ্ট ক্ষেত্রে কমপক্ষে ২৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। তন্মধ্যে কোন প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী পদে কমপক্ষে ০৩ বছরের অভিজ্ঞতা; ২। দেশী/বিদেশী জার্নালে ৩-৫টি গবেষণা প্রকাশনা থাকলে অতিরিক্ত যোগ্যতা হিসাবে হ্যাঁ হবে; ৩। বহুমুরী পাটপণ্য উৎপাদন ও সম্প্রসারণের কারিগরী জ্ঞান এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন, বাস্তবায়ন ও ব্যবস্থাপনায় দক্ষতা থাকতে হবে; ৪। বয়স ৫৫-৬২ বছর।
০২।	পরিচালক (ডিজাইন এন্ড ফ্যাশন) বেতনঃ সর্বসাকুল্যে ৬০,০০০/- (ষাট হাজার) টাকা	০১টি	১। বহুমুরী পাটপণ্যের ডিজাইন, ফ্যাশন এবং পণ্য উন্নয়ন সংশ্লিষ্ট বিষয়ে দেশে অথবা বিদেশে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে কমপক্ষে পোষ্ট গ্রাজুয়েট ডিগ্রি, পিএইচ.ডি ধারীদের অগ্রাধিকার; ২। বহুমুরী পাটপণ্য ফ্যাশন ইনফিউশন (infusion) এর উন্নয়ন, বিশেষ করে টেক্সটাইলস্ এবং নন-টেক্সটাইল পণ্যের ক্ষেত্রে ১৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা; ৩। বয়স ৪৫-৫৫ বছর।
০৩।	টেকনলজি রিসার্চ এন্ড ট্রেনিং এক্সিকিউটিভ মূল বেতনঃ ২৯,০০০/- (উন্নিশ হাজার) টাকা	০১টি	১। দেশ-বিদেশের যে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে বিজ্ঞান/প্রযুক্তি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। গবেষণা/শিল্প প্রতিষ্ঠানে এবং আইটি সেক্টরে ২ থেকে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; ২। বয়স ৩৫-৪৫ বছর।
০৪।	কম্পিউটার এবং ডাটা ব্যাংক অপারেটর মূল বেতনঃ ২৩,০০০/- (তেইশ হাজার) টাকা	০১টি	১। দেশ-বিদেশের যে কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতকসহ কম্পিউটার সাইলে ডিপ্লোমা। সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে; ২। বয়স সর্বোচ্চ ৩৫ বছর।

## শর্তাবলীঃ

- (১) বন্স্র ও পাট মন্ত্রণালয়ের ওয়েবসাইট ([www.motj.gov.bd/jdpc.gov.bd](http://www.motj.gov.bd/jdpc.gov.bd)) হতে নির্ধারিত ছক ডাউনলোড করে আবেদন করতে হবে।
- (২) পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের ১৫ দিনের মধ্যে অফিস চলাকালে ডাক ঘোগে সচিব, বন্স্র ও পাট মন্ত্রণালয় বরাবর আবেদন করতে হবে;
- (৩) আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০২ (দুই) কপি ৫x৫ সেমিৰ আকারের রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা পরিচয়পত্র ও চারিত্রিক সনদপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করেতে হবে;
- (৪) ট্রুটিপুর্ণ/অসম্পূর্ণ/বিলম্বে প্রাপ্ত দরখাস্ত/একই খামে একাধিক আবেদন/আবেদনপত্রে কোন প্রকার সুগারিশ থাকলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে;
- (৫) খামের উপর আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে;
- (৬) উপরোক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে সরকারী আধাসরকারী ও স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরিত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে;
- (৭) আবেদন পত্রের সাথে ক্রমিক ১ ও ২ নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকা এবং ৩ ও ৪ নং পদের জন্য ২০০/- (দুইশত) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) জুট ডাইভারসিফিকেশন প্রমোশন সেন্টার এর অনুকূলে দাখিল করতে হবে;
- (৮) এ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের নিয়োগ প্রদান বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন;
- (৯) নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না;
- (১০) এ নিয়োগ বিজ্ঞপ্তি [www.motj.gov.bd](http://www.motj.gov.bd) এবং [www.jdpc.gov.bd](http://www.jdpc.gov.bd) এ পাওয়া যাবে।

মন্ত্রিঃ  
তপো মন্ত্রী  
(মোঃ নাসির উদ্দিন)  
সহকারী সচিব